

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮১৮

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - ফিত্বরার বর্ণনা

### আরবী

وَعَن ابْنِ عَبَّاسٍ قَالَ: فَرَضَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَكَاةَ الْفِطْرِ طُهْرَ الصِيّامِ مِنَ اللَّغْوِ وَالرَّفَثِ وَطُعْمَةً لِلْمَسَاكِينِ. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১৮১৮-[8] ইবনু 'আব্বাস (রাঃ) হতে এ হাদীসটিও বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওমকে অযথা কথা, খারাপ আলাপ-আলোচনা থেকে পবিত্র করার ও গরীব মিসকীনকে খাদ্যবস্তু দেবার উদ্দেশে সদাকায়ে ফিত্বর ফর্য করে দিয়েছেন। (আবু দাউদ)[1]

## ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১৬০৯, ইবনু মাজাহ্ ১৮২৭, দারাকুত্বনী ২০৬৭, মুসতাদরাক লিল হাকিম ১৪৮৮, ইরওয়া ৮৪৩, সহীহ আত্ তারগীব ১০৮৫, সহীহ আল জামি' আস্ সগীর ৩৫৭০।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: যাকাতুল ফিত্বরের নির্ধারণের উদ্দেশ্য সিয়ামকে পবিত্র করা বেহুদা ও অশ্লীল কাজ ও কর্ম হতে। আর এতে রয়েছে মিসকীনদের খাদ্যের উৎস। এ হাদীস থেকে অনেকেই দলীল গ্রহণ করেন যে, ফিত্বরাহ্ একস্থান থেকে অন্যস্থানে পাঠানো মুবাহ, যেমন যাকাতের ক্ষেত্রে জায়িয আছে। কেউ বলেন, যাকাতের মতো ফিত্বরাও আট শ্রেণীদের মধ্যে বন্টন করা যাবে। কারণ আল্লাহ তা'আলা সকলের উদ্দেশে বলেন যে, "নিশ্চয়ই সদাক্বাহ্মমূহ ফকীর……"- (সূরাহ্ আত্ তাওবাহ্ ৯ : ২৬০)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন